

Co-Chairpersons:
Sultana Kamal, Elsa Stamatopoulou

Members:
Shapan Adnan, Lars-Anders Baer, Tone Bleie
Victoria Tauli-Corpuz, Bina D'Costa, Hurst Hannum
Yasmeen Haque, Sara Hossain, Muhammad Zafar Iqbal
Khushi Kabir, Myrna Cunningham Kain,
Michael C.van Walt van Praag, Iftekharuzzaman

Chittagong Hill Tracts Commission


খাগড়াছড়িতে কল্পনা চাকমা অপহরণের একুশ বছরপূর্তির কর্মসূচীতে বিজিবি-পুলিশের হামলার প্রতিবাদ ও হয়রানিমূলক মামলা প্রত্যাহার এবং কল্পনা অপহরণের বিচারের দাবি

১৩ জুন ২০১৭, ঢাকা। হিল উইমেন্স ফেডারেশনের তৎকালীন কেন্দ্রীয় নেত্রী কল্পনা চাকমা অপহরণকারীদের হেণ্ডার ও শান্তির দাবিতে গত ৭ জুন খাগড়াছড়ির স্বনির্ভর বাজারে হিল উইমেন্স ফেডারেশন কর্তৃক আয়োজিত শান্তিপূর্ণ মিছিলে বিজিবি-পুলিশ হামলা চালায়। এসময় মিছিলে অংশগ্রহণকারী নারীদের সাথে অশোভন আচরণ ও তাদের ওপর ব্যাপক লাঠিচার্জ করা হয় এবং মিছিল থেকে কমপক্ষে ২১ জনকে আটক করা হয়। পরে ১৩ জনকে ছেড়ে দিলেও বাকি ৮ জনকে আদালতে প্রেরণ করা হয়। উল্লেখ্য যে, কল্পনা অপহরণের একুশ বছরপূর্তিকে সামনে রেখে হিল উইমেন্স ফেডারেশন উক্ত মিছিলের আয়োজন করেছিল। হিল উইমেন্স ফেডারেশনের শান্তিপূর্ণ মিছিলে নারীর ওপর বিজিবি ও পুলিশের অযাচিত হামলা এবং আটককৃত ৮ জনের বিরুদ্ধে হয়রানিমূলক মামলা করায় পার্বত্য চট্টগ্রাম বিষয়ক আন্তর্জাতিক কমিশন গভীর উদ্বেগ প্রকাশ করছে এবং এ ধরনের হামলা ও আচরণের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছে।

পার্বত্য চট্টগ্রাম কমিশন আরও উদ্দিগ্ন যে, মাত্র ৫ দিন আগে রাজ্যমাটির লংগদুতে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সামনে দুর্বৃত্তরা পাহাড়ীদের কয়েকটি গ্রামে হামলা চালিয়ে দুই শতাধিক বাড়ীতে অগ্নিসংযোগ করেছে। সেসময় তারা নিষ্ক্রিয় দর্শকের ভূমিকা পালন করেছেন। অন্যদিকে একুশ বছর আগে অপহৃত হওয়া পাহাড়ি নেত্রী কল্পনা চাকমা অপহরণকারীদের হেণ্ডার ও শান্তির দাবি জানাতে গেলে খাগড়াছড়িতে হিল উইমেন্স ফেডারেশনের নেতাকর্মীদের ওপর লাঠিচার্জ করে তাদের আহত করা হয়েছে। যে কোন গণতান্ত্রিক দেশে সভা, সমাবেশ করার প্রতিটি নাগরিকের অধিকার রয়েছে। আমাদের সংবিধানেও ৩৭ ও ৩৯.২(ক) ধারায় সমাবেশের অধিকার, বাক-স্বাধীনতার কথা স্পষ্টভাবে উল্লেখ আছে। তাই সেদিন হিল উইমেন্স ফেডারেশনের মিছিলে বিনা উস্কানিতে আইনশৃঙ্খলাকারী বাহিনীর যেসব সদস্য নারীদের সাথে অশোভন আচরণ ও মারধর করেছে তাদের চিহ্নিত করে সাংবিধানিক অধিকার হরণের দায়ে যথাযথ আইন প্রয়োগ করে শান্তির ব্যবস্থা গ্রহণ করা হোক। একইসাথে পার্বত্য চট্টগ্রাম কমিশন আটককৃত নারীদের বিরুদ্ধে করা হয়রানিমূলক মামলা প্রত্যাহারেরও জোর দাবি জানাচ্ছে।

হিল উইমেন্স ফেডারেশন নেত্রী কল্পনা চাকমা অপহরণের একুশ বছর অতিবাহিত হয়েছে। কিন্তু কল্পনা অপহরণ মামলার তদন্ত এখনও চলছে। পার্বত্য চট্টগ্রাম কমিশন কল্পনা চাকমা অপহরণ মামলার পুনঃতদন্ত কাজ সুষ্ঠু ও নিরপেক্ষভাবে দ্রুত সম্পন্ন করে দোষীদের সাব্যস্ত করা ও তাদের বিচার করারও জোর দাবি জানাচ্ছে।

ধন্যবাদসহ,



সুলতানা কামাল
কো-চেয়ারপার্সন



এলসা স্টামাতোপোলৌ
কো-চেয়ারপার্সন

পার্বত্য চট্টগ্রাম কমিশনের সদস্যবৃন্দ: ড. স্বপন আদনান, লারস এন্ডারস বেয়ার, টোনা ব্লাই, হার্ট হেনাম, ড. ইয়াসমিন হক, ড. জাফর ইকবাল, ব্যারিস্টার সারা হোসেন, মিনা কানিংহাম কেইন, খুশী কবির, মাইকেল সি ভন ওয়াল্ট প্রাগ, ড. ইফতেখারুজ্জামান, ড. বীণা ডি'কস্টা।

পার্বত্য চট্টগ্রাম কমিশনের উপদেষ্টাবৃন্দ: ইয়োনেকি এরঞ্জ, টম এক্সিলসন, ড. মেঘনা গুহঠাকুরতা।